# ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য আর্লিংটন পাবলিক স্কুলস কর্মসূচিসমূহের মূল্যায়ন

চূড়ান্ত প্রতিবেদন
সেপ্টেম্বর ১৮, ২০১২

বারবারা ডি. অ্যাকস্টা, সিনিয়র গবেষণা বিজ্ঞানী
লটি মারজুকো, সিনিয়র গবেষণা সহযোগী
ক্রিস্টিঅ্যান কনার্স, গবেষণা সহকারী
শারলীন রিভেরা, প্রধান তদন্তকারী এবং নির্বাহী পরিচালক

জর্জ ওয়াশিংটন ইউনিভার্সিটি সেন্টার ফর একুইটি অ্যান্ড এক্সেলেন্স ইন এডুকেশন

জর্জ ওয়াশিংটন ইউনিভার্সিটি সেন্টার ফর একুইটি অ্যান্ড এক্সেলেন্স ইন এডুকেশন -এর লক্ষ্য হল শিক্ষা সংস্কারকে এমনভাবে এগিয়ে নেওয়া যেন *সকল* শিক্ষার্থী উচ্চ মান অর্জন করে। GW-CEEE স্টেটের শিক্ষা এজেন্সিসমূহ, স্কুল ডিস্ট্রিক্ট, স্কুল, ফাউন্ডেশন, এবং ফেডারেল এজেন্সিগুলোরগ্রাহকদের জন্য নীতিমালার ও ব্যবহারিক গবেষণা পরিচালনা করে, কর্মসূচি মূল্যায়ন প্রণয়ন ও বাস্তবায়ন করে, এবং পেশাগত উন্নয়ন ও কারিগরী সহায়তাপ্রদান করে।

GW-CEEE
জর্জ ওয়াশিংটন ইউনিভার্সিটি সেন্টার ফর একুইটি অ্যান্ড এক্সেলেন্স ইন এডুকেশন
www.ceee.gwu.edu
800.925.3223

## কৃতজ্ঞতা স্বীকার

আমরা আর্লিংটন পাবলিক স্কুলস (এপিএস)-এর অনেকের নিকট কৃতজ্ঞ, যারা এই মূল্যায়ন প্রণয়নে তথ্য ও ধারণা প্রদান করেছেন। প্যাট্রিক মারফি, সুপারিন্টেন্ডেন্ট, এপিএস স্কুল বোর্ড সদস্যগণ এবং ইএসওএল/এইচআইএলটি অ্যাডভাইজরি কমিটি নেতৃত্ব, নির্দেশনা এবং সহায়তা প্রদান করেছেন। আমরা সাধুবাদ জানাই ডিভিশন এবং স্কুল নেতৃবৃন্দ, শিক্ষক, পিতামাতা, এবং দ্বিভাষিক পারিবারিক রিসোর্স সহায়তাকারীদের যারা ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইএলএল) নেতৃত্ব দলে অংশগ্রহণ করেছেন এবং প্রাথমিক চাহিদা নিরূপণে অবদান রেখেছেন। বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করছি প্রিন্সিপ্যাল, শিক্ষকবৃন্দ, দ্বিভাষিক পারিবারিক রিসোর্স সহায়তাকারী, এইচআইএলটি রিসোর্স পরামর্শক, নির্দেশনা পরামর্শক, পাঠদান সহায়তাকারীদের যারা মূল্যায়নকারীদেরকে তাদের স্কুল ও ক্লাসরুমে আমন্ত্রণ জানিয়েছেন এবং সাক্ষাতকার, ফোকাস গ্রুপ, ক্লাসরুম পর্যবেক্ষণ এবং জরিপে অংশ নিয়েছেন। আরো ধন্যবাদ জানাই সে সকল পিতামাতা এবং দোভাষীদের যারা ফোকাস গ্রুপসমূহে অংশ নিয়েছেন।

আমরা আরো সাধুবাদ জানাই কর্মসূচি মূল্যায়ন কমিটিকে, যারা তত্ত্বাবধান, পরিকল্পনা, উপাত্ত সংগ্রহ এবং বিশ্লেষণে বহু সময় ব্যয় করেছেন এবং লজিস্টিক সহায়তা প্রদান করেছেন, যার ফলে এই মূল্যায়ন সম্ভব হয়েছে:

- লিসা স্টেংগল, মূল্যায়ন সহকারী পরিচালক
- রেজিনা ভ্যান হর্ন, মূল্যায়ন বিশেষজ্ঞ
- ফেইথ টাবাটাবাই, ইএসওএল/এইচআইএলটি তত্ত্বাবধায়ক
- ড্যান হাউসার, ইএসওএল/এইচআইএলটি উপাত্ত বিশেষজ্ঞ
- রবিন লাইটেন-টেজাডা, মাধ্যমিক ইএসওএল/এইচআইএলটি বিশেষজ্ঞ
- ন্যান্সি বেলচার, প্রাথমিক ইএসওএল/এইচআইএলটি বিশেষজ্ঞ
- ফ্র্যান্সেসকা রেইলি-ম্যাকডনেল, ইএসওএল/এইচআইএলটি বিশেষ প্রকল্প বিশেষজ্ঞ
- এইমি র‍্যামিরেজ, প্রশাসনিক সহকারী

অবদান রেখেছেন এমন অন্যান্য এপিএস কর্মীদের মধ্যে রয়েছেন মার্গারেট জিলহুলি, অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট অব ইন্সট্রাকশন; সালাহ খেলফাউই, ডিরেক্টর অব ইনফরমেশন সার্ভিসেস; পলা ল্যামিনা, ইংরেজি ভাষা শৈলী সুপারভাইজার; মার্গারেট চুং, গণিত সুপারভাইজার; মিশেল পিকার্ড, ডিরেক্টর অব আর্লি চাইল্ডহুড অ্যান্ড এলিমেন্টারি এডুকেশন; জেনিফার পাওয়েল, বিজ্ঞান এইচআইএলটি বিশেষজ্ঞ; ম্যারিওলা অ্যাগিলার, গণিত এইচআইএলটি বিশেষজ্ঞ; লিন্ডা স্মিথ, ইনকামিং এলিমেন্টারি ইএসওএল/এইচআইএলটি বিশেষজ্ঞ; সুজান সুইন্ডম্যান, ড্রপআউট প্রিভেনশন টাস্কফোর্স; পল ভেলিট, জেমিকা জোনস, এবং রাজ অ্যাডিউসুমিলি, এন্টারপ্রাইজ সলিউশনস; এবং মার্শা মটিশার্ড, অড্রে চ্যান এবং সিন্ডি ওয়ার্কেনটিন, ইএসওএল/এইচআইএলটি প্রশাসনিক স্টাফ।

পরিশেষে আমরা ধন্যবাদ জ্ঞাপন করতে চাই নিম্নোক্ত GW-CEEE স্টাফদের প্রতি যারা উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ, এবং প্রতিবেদন প্রস্তুতিতে সাহায্য করেছেন: ব্রিয়ানা বের‍্যাক্টার, শার্লট ব্লেইন, জ্যানেট ব্রাউন, জেনিফার ম্যাকক্রীডি, ম্যারিলিন মিউরহেড, মারজোরি রোজেনবার্গ, রায়ান টাইলার, এবং রোশন টাইসন।

This page intentionally left blank.

## কার্যকরী সারসংক্ষেপ

এই সমীক্ষার উদ্দেশ্য হল আর্লিংটন পাবলিক স্কুলস (এপিএস)-এর স্কুল বোর্ড, সুপারিন্টেন্ডেন্ট, ইএসওএল/এইচআইএলটি'র দায়িত্বপ্রাপ্ত অ্যাডমিনিস্ট্রেটর এবং অন্যান্যদেরকে ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইএলএল)-দের চাহিদা পূরণের জন্য পরিষেবা নিশ্চিত করতে ভবিষ্যত কর্মসূচির ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করার উপযোগী একটি সামগ্রিক কর্মসূচি মূল্যায়ন সরবরাহ করা।

জর্জ ওয়াশিংটন ইউনিভার্সিটি সেন্টার ফর একুইটি অ্যান্ড এক্সেলেন্স ইন এডুকেশন (GW-CEEE) ইএলএল-দের ক্ষেত্রে শিক্ষার্থী সাফল্য সম্পর্কিত পাঁচটি প্রশ্ন পরীক্ষা করে দেখেছেন (যেমন, স্টেট বহির্গমন মানদণ্ড অর্জন পর্যন্ত সময়; এলইপি স্ট্যাটাস-এর সময়; গণিত ও পঠন এসওএল-গুলোতে অর্জিত সাফল্যের ব্যবধান মেটানোর ব্যবস্থা; অগ্রসর কোর্সওয়ার্কে ভর্তি ও পাশের হার, এবং হাই স্কুল সম্পন্ন করার হার)। এছাড়া, মূল্যায়নকারীগণ আরো পরীক্ষা করেন যে কিভাবে এপিএস-এর নীতিমালা, অনুশীলন, এবং পদ্ধতি ইএলএল-দের সহায়তা করে (এ) *যখন তারা ইংরেজি ভাষায় ব্যুৎপত্তি অর্জন করে,* এবং (বি) *যখন তারা এই কর্মসূচি থেকে বের হয়ে যায়* এবং স্বনির্ভর পাঠ্যনির্দেশ লাভ করতে নিয়মিত ক্লাসরুমে চলে আসে। তাছাড়া তারা এও মূল্যায়ন করেন যে এই সহায়তা কী মাত্রায় ঘটছে।

পরিকল্পনা ও মূল্যায়ন এবং অন্যান্য ভাষাভাষীদের জন্য ইংরেজি/অধিক নিবিড় ভাষা প্রশিক্ষণের (ইএসওএল/এইচআইএলটি) দপ্তর শিক্ষার্থীদের ফলাফলের তথ্য-উপাত্ত সংকলন করে। এছাড়া, GW-CEEE -এর মূল্যায়নকারীগণ প্রোমোটিং এক্সেলেন্স অ্যাপ্রেইজাল সিস্টেম (PEAS)-এর সাতটি মাত্রার প্রত্যেকটির ক্ষেত্রে নীতিমালা, অনুশীলন ও পদ্ধতির জন্য উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ করেছে: পাঠদানের কর্মসূচি প্রণয়ন, পাঠদানের কর্মসূচি বাস্তবায়ন, নেতৃত্ব, কর্মী, পেশাগত উন্নয়ন, মূল্যায়ন ও জবাবদিহিতা, এবং পিতামাতা ও কমিউনিটি আউটরিচ।
এসব উপাত্ত বিভিন্ন সংশ্লিষ্ট গ্রুপের মধ্য থেকে সংগ্রহ করা হয়, যার মধ্যে রয়েছে সংশ্লিষ্ট এপিএস ডিভিশন অফিস, স্কুল প্রশাসকগণ, ইএসওএল/এইচআইএলটি শিক্ষক, বিষয় শিক্ষক, দ্বিভাষিক পারিবারিক রিসোর্স সহায়তাকারী, এইচআইএলটি রিসোর্স পরামর্শক, পরিবারসমূহ, এবং শিক্ষার্থীবৃন্দ।প্রাপ্ত তথ্যের ভিত্তিতে GW-CEEE সুপারিশমালা প্রদান করে, যার মধ্যে রয়েছে প্রতিষ্ঠানের মানোন্নয়নের জন্য পদক্ষেপসমূহ, সীমিত ইংরেজির ব্যুৎপত্তিসম্পন্ন (এলইপি) শিক্ষার্থীদের জন্য পরিষেবা প্রদান ও ব্যবস্থাপনা।

সারণি ১-এ সংক্ষেপে শিক্ষার্থী সাফল্যের এবং সেই সঙ্গে সাতটি PEAS অনুশীলন মাত্রার প্রতিটির সবল দিকগুলো এবং মানোন্নয়নের চাহিদার ক্ষেত্রসমূহ তুলে ধরা হয়েছে।

সারণি ১. *সবল দিক এবং মানোন্নয়নের ক্ষেত্রসমূহের সারসংক্ষেপ*

| PEAS মাত্রা | সবল দিকসমূহ | মানোন্নয়নের ক্ষেত্রসমূহ |
|---|---|---|
| শিক্ষার্থী সাফল্য | • অধিকাংশ ইএলএল এবং প্রাক্তন ইএলএল শিক্ষার্থীরা পঠন এবং গণিত এসওএল পরীক্ষায় সাফল্যের ব্যবধান কমিয়ে আনার লক্ষ্যে অগ্রগতি সাধন করে চলেছে।<br>• মাধ্যমিক গ্রেডসমূহে এপিএস-এ প্রবেশকারী ইএলএল শিক্ষার্থীরা ব্যুৎপত্তির অগ্রসর স্তর অর্জন করলে তাদেরকে এলইপি স্ট্যাটাসবিহীন শিক্ষার্থীদের তুলনায় উচ্চতর হারে অগ্রসর কোর্সসমূহে ভর্তি করা হয়। | • মিডল স্কুল শিক্ষার্থীদের প্রায় অর্ধেকে ছয় বছরের বেশি সময় ধরে এলইপি স্ট্যাটাস বজায় রেখেছে।<br>• ২০০৮ সালে ইংরেজির ব্যুৎপত্তি স্তর ৩-এ থাকা মাধ্যমিক পর্যায়ের ইএলএল শিক্ষার্থীরা পঠন ও গণিত এসওএল-এ স্থবির বৃদ্ধি হার প্রদর্শন করে।<br>• এলিমেন্টারি স্কুলে এপিএস-এ প্রবেশকারী ইএলএল শিক্ষার্থীদের খুব কম সংখ্যকই মাধ্যমিক পর্যায়ে অগ্রসর কোর্সসমূহে ভর্তি হয়েছে।<br>• এপিএস-এ এলইপি স্ট্যাটাসবিহীন শিক্ষার্থীদের এলইপি স্ট্যাটাসবিহীন শিক্ষার্থীদের তুলনায় হাই স্কুল সম্পন্ন করার অধিক সম্ভাবনা রয়েছে। |

| PEAS মাত্রা | সবল দিকসমূহ | মানোন্নয়নের ক্ষেত্রসমূহ |
|---|---|---|
| শিক্ষানির্দেশনা কর্মসূচির নকশা প্রণয়ন | • ইএলএলদের শিক্ষাদানের পদ্ধতি গবেষণা-ভিত্তিক।<br>• ডিভিশনের ইএসওএল/এইচআইএলটি বিভাগ উচ্চ মানের পাঠক্রম নির্দেশিকা প্রণয়ন করেছে যেখানে ভাষা শৈলী এবং ডাব্লিউআইডিএ মানদণ্ড এবং এসওএল-এর সঙ্গে সঙ্গতিপূর্ণ বিষয়বস্তুর সমন্বয় ঘটেছে।<br>• হিস্পানিক এবং ক্ষুদ্র ভাষাগোষ্ঠীর শিক্ষার্থীদের ঝরে পড়া কমাতে এপিএস পদক্ষেপ গ্রহণ করছে। | • ইএসওএল/এইচআইএলটি পরিষেবাসমূহ এপিএস স্কুলগুলোতে বা গ্রেড স্তরসমূহে একই ধরণের প্রণীত নকশা মেনে চলে না। |
| শিক্ষানির্দেশনা বাস্তবায়ন | • যে সকল শিক্ষক ইএলএলদের পরিষেবা দিয়েছেন তারা মানসম্মত শিক্ষাদানের বেশ কিছু পরিমাপে মাঝারি থেকে উচ্চ রেটিং লাভ করেছেন। | • ইএলএল শিক্ষার্থীদের পরিষেবা প্রদানকারী শিক্ষকগণ তাদের শিক্ষার্থীদের নিকট পাঠমালা বোধগম্য করে তোলার ক্ষেত্রে ভিন্নতা প্রদর্শন করেন।<br>• গ্রেড স্তর বিষয়সমূহের প্রত্যাশা পূরণের জন্য ইএলএলদের প্রাতিষ্ঠানিক ভাষার বিকাশে ইংরেজি ভাষার শিক্ষানির্দেশনা পর্যাপ্তভাবে কেন্দ্রীভূত নয়।<br>• এলিমেন্টারি পর্যায়ে পঠন শিক্ষানির্দেশনা ইএলএলদের চাহিদা সামঞ্জস্যপূর্ণভাবে মেটায় না।<br>• সহযোগিতামূলক শিক্ষা নিশ্চিত করতে এপিএস-এর কোন কৌশল বিদ্যমান নেই, যা যৌথ ক্লাসরুমের সর্বোত্তম অনুশীলন অনুসরণ করে। |
| নেতৃত্ব | • এপিএস-এর পরিকল্পনা, উদ্দেশ্য ও লক্ষ্যসমূহে সামগ্রিক বিষয়াদি অন্তর্ভুক্ত এবং ইএলএলদের জন্য এটি উচ্চ প্রত্যাশা বহন করে।<br>• সমস্ত ডিভিশন অফিসের শিক্ষাদাতাগণ ইএলএলদের শিক্ষাদানের জন্য অভিন্ন দায়িত্ব বহন করেন। | • স্কুলের অভ্যন্তরে এবং আন্তঃস্কুল পরিবেশে ইএলএলদের শিক্ষাদানের কাজটি সর্বদা নিবিষ্ট, টেকসই এবং সমন্বিত নয়। |
| জনবল | • শিক্ষাদাতা, পিতামাতা, এবং শিক্ষার্থীদের বর্ণনা অনুযায়ী অধিকাংশ স্কুল বৈচিত্র্যকে স্বাগত জানায়।<br>• ইএলএল এবং তাদের পরিবারকে সহায়তা যোগানোর লক্ষ্যে পাঠদানের জন্য স্টাফ ছাড়াও ডিভিশন বিশ কিছু গুরুত্বপূর্ণ পদ সৃষ্টি করেছে। | • ইএলএলদের সকল গ্রুপের চাহিদা মেটাতে পর্যাপ্ত সংখ্যক শিক্ষাদান কর্মীর অভাব স্কুলগুলোতে রয়েছে।<br>• ইএলএলদের চাহিদা মেটানোর দক্ষতা তাদের পরিষেবা প্রদানরত কতিপয় মূলধারার শিক্ষকের নেই।<br>• কতিপয় ইএসওএল/এইচআইএলটি শিক্ষকের তাদের শিক্ষাদানের বিষয়ক্ষেত্রে দক্ষতা নেই। |
| পেশাগত উন্নয়ন | | • ইএলএলদের জন্য শিক্ষাদানগত পরিবর্তনসমূহ পুরোপুরি বাস্তবায়িত হয়েছে কি না তা নিশ্চিত করার কোন নিয়মতান্ত্রিক উপায় ডিভিশনের নেই। |
| মূল্যায়ন ও দায়বদ্ধতা | • ইএলএল শিক্ষার্থীদের জন্য সর্বোত্তম অনুশীলন বাস্তবায়নে তাদের শিক্ষাদাতাদেরকে প্রস্তুত করতে এপিএস অগ্রগতি সাধন করে যাচ্ছে।<br>• এপিএস এর ইএলএল কর্মসূচির জন্য অব্যাহত মানোন্নয়নের একটি ব্যবস্থা চলমান রেখেছে। | • ডিভিশনের এমন কোন কার্যকরী পদ্ধতি নেই যা ইএলএলদের জন্য শিক্ষাদান কর্মসূচির গুণগত মানের জন্য স্কুল প্রশাসকদের দায়ী করবে।<br>• বর্তমান শিক্ষার্থী উপাত্ত ব্যবস্থায় ইএলএল শিক্ষার্থীদের অগ্রগতি অর্থপূর্ণ উপায়ে পর্যবেক্ষণের কোন সক্ষমতা নেই। |
| পিতামাতা ও কমিউনিটি আউটরিচ | | • প্রশিক্ষণ ও সহায়তার সুযোগ সম্পর্কে সকল পিতামাতা অবগত নন এবং এসব সুযোগ গ্রহণে সক্ষম নন। |
| | • ইএলএলদের পরিবারের জন্য এপিএস-এর একটি উন্নত পিতামাতা ও কমিউনিটি আউটরিচ কর্মসূচি রয়েছে। | |

## সুপারিশমালা

এই মূল্যায়ন থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে চারটি গুরুত্বপূর্ণ বিষয়ের ক্ষেত্রে সংস্কার প্রয়োজন:

(a) *ইএলএলদের জন্য পাঠদান কর্মসূচির গুণগত মানের ক্ষেত্রে স্কুল পর্যায়ের দায়বদ্ধতার প্রসার ঘটানো*;

(b) *ইএলএলদের সকল গ্রুপের চাহিদা পূরণ নিশ্চিত করতে কর্মসূচি প্রণয়নের মানোন্নয়ন*;

(c) *ইএলএলদের সকল শিক্ষাদাতাদের চাকুরির মধ্যে সমন্বিত চলমান পেশাগত উন্নয়ন টেকসই করা*; *এবং*

(d) *ইএলএলদের জন্য পাঠদান ও কর্মসূচিগত সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করতে পারে এরূপ অর্থপূর্ণ তথ্যের প্রাপ্যতা বৃদ্ধি করা।* এই সুপারিশমালা এমনভাবে সমন্বিত যা PEAS-এর বিভিন্ন মাত্রাব্যাপী মানোন্নয়নের ক্ষেত্রগুলোতে প্রযোজ্য হয়। এগুলোর সারসংক্ষেপ নিচে তুলে ধরা হলো এবং এই প্রতিবেদনের সুপারিশমালা অংশে বর্ণনা করা হলো।

*ইএলএলদের জন্য পাঠদান কর্মসূচির গুণগত মানের ক্ষেত্রে স্কুল পর্যায়ের দায়বদ্ধতার প্রসার ঘটানো।*

(১) ইএলএলদের জন্য পাঠদান কর্মসূচির গুণগত মানের জন্য স্কুল নেতৃবৃন্দকে দায়বদ্ধ করা।
(২) ইএলএলদের বৈচিত্র্যপূর্ণ গ্রুপের চাহিদার উপযোগী করে প্রতিটি স্কুলের পরিষেবা প্রদানের পরিকল্পনা করা।
(৩) ইএসওএল/এইচআইএলটি/এইচআইএলটিইএক্স শিক্ষক এবং সাধারণ শিক্ষার শিক্ষকদের মধ্যে সহযোগিতা জোরদার করা।

*ইএলএলদের সকল গ্রুপের চাহিদা পূরণ নিশ্চিত করতে কর্মসূচি প্রণয়নের মানোন্নয়ন।*

(১) ইএলএলদের চাহিদা পূরণে সহায়তা যোগানোর উপযোগী করে প্রি-কে'র সুবিধা প্রদান।
(২) ইএলপি লেভেল ৫-এর ইএলএলদের সহায়তা যোগানো ও পর্যবেক্ষণের জন্য দায়বদ্ধ স্টাফ বরাদ্দ করা।
(৩) প্রাতিষ্ঠানিক ইংরেজি প্রকাশ্যভাবে শিক্ষাদানে শিক্ষকদের নির্দেশনা ও প্রত্যাশা জোরদার করা।
(৪) ইএলএলদের জন্য ধারণা-ভিত্তিক পঠন শিক্ষাদান পদ্ধতি পুনরোজ্জীবিত করা।
(৫) এরূপ নীতিমালা এবং অনুশীলন অবলম্বন যা মাধ্যমিক স্তরের ইএলএলদেরকে উচ্চতর কোর্সে ভর্তি হতে ও সাফল্য পেতে সাহায্য করবে।

*ইএলএলদের সকল শিক্ষাদাতাদের চাকুরির মধ্যে সমন্বিত চলমান পেশাগত উন্নয়নের মাধ্যমে ইএলএলদের উপযোগী পাঠদান অনুশীলন বাস্তবায়নে সহায়তা যোগানো।*

(১) নিশ্চিত করা যে, ইএলএলদের সকল শিক্ষাদানকারীর পেশাগত উন্নয়ন টেকসইভাবে অব্যাহত থাকে এবং তা কাঙ্খিত মানোন্নয়ন ঘটায়।
(২) পেশাগত উন্নয়নের কার্যকারিতা পর্যবেক্ষণ ও মূল্যায়নের পদ্ধতির উন্নয়ন সাধন করা।

*ইএলএলদের জন্য পাঠদান ও কর্মসূচিগত সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করতে পারে এরূপ অর্থপূর্ণ তথ্যের প্রাপ্যতা বৃদ্ধি করা।*

(১) শিক্ষার্থী উপাত্ত ব্যবস্থার মানোন্নয়নে প্রচেষ্টা অব্যাহত রাখা যেন তা ইএলএলদের জন্য উপাত্ত-ভিত্তিক পাঠদানগত সিদ্ধান্ত গ্রহণে শিক্ষাদানকারীদের সাহায্য করতে পারে।
(২) ইএলএলদের জনমিতিগত, ইংরেজি ভাষার ব্যুৎপত্তি, এবং সাফল্যের তথ্য-উপাত্ত সকল সময় সহজলভ্য রাখা।